গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং-৪৬.৪২.১০০০.০০০.১৪.০৬০.১৫.৩৮৯

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ / ২৮ মার্চ ২০২৪

**বিষয়: ২০২৩-২৪ অর্থবছরে বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প অনুমোদন সংক্রান্ত।**

সূত্র : জেলা পরিষদ, বগুড়া এর স্মারক নং-৪৬.৫০.১০০০.০০২.১৪.০০৭.২৩.৫০২, তারিখ: ২০/০২/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৩-২৪ অর্থবছরে বগুড়া জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৪৩৭.৫০ লক্ষ (চার কোটি সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২২১টি প্রকল্প অনুমোদনের প্রস্তাব পাওয়া যায়। উক্ত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক ৯৬, ১৪৪, ১৫৮, ১৬৫, ১৭৬ ও ১৮৮ বর্ণিত প্রকল্পের সুবিধাভোগীর তালিকা এবং সেলাই কাজে প্রশিক্ষণ প্রাপ্ত সনদ, ক্রমিক ৯৭ ও ১৭৯ এ বর্ণিত প্রকল্পের প্রতিষ্ঠানের নাম ও সিলিং ফ্যানের সংখ্যা, ক্রমিক ৯৯, ১৪৩, ১৭৭, ১৮৩, ১৯১, ২০৯, ২১১ ও ২১৩ এ বর্ণিত প্রকল্পের শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের নাম এবং কি কি ক্রীড়া সামগ্রী বিতরণ করা হবে এ সংক্রান্ত তথ্য এবং ক্রমিক নং-১৯০, ১৪৫, ১৬৪, ১৭৮, ১৮৯ ও ২১২ এ বর্ণিত প্রকল্পের সুবিধাভোগীর তালিকাসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। উক্ত প্রকল্পসমূহ ব্যতীত অবশিষ্ট (২২১-২২)=১৯৯টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

**শর্তাবলী:**

১. পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪২নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে; এবং

২. প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে মোট বরাদ্দের ৫০% আবশ্যিকভাবে দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।

২৮.৩.২০২৪

মোঃ হাবিবুর রহমান
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, বগুড়া।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া।

অনুলিপি:

১. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।